



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এমপিও-শাখা-১১
এফ-৪/বি, আগারগাঁও ঢাকা।

ওয়েব সাইট: www.techedu.gov.bd.

ফোনঃ ০২২২২২৪৩০৩৬, ই-মেইলঃ dtempo16@gmail.com

অফিস আদেশ

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০০০.০২৮.১১.০০২.১৯.২৫-৩৭

তারিখ: ২৮/০১/২০২৬ খ্রি.

বিষয়: রিট পিটিশন নং-৮৪২৮/২০২৫ এর গত ০১.০৭.২০২৫ খ্রি. তারিখের মহামান্য হাইকোর্টের আদেশ মোতাবেক বাদীগণের গত ২৯.১২.২০২৪ খ্রি. তারিখে দাখিলকৃত আবেদন (এনেক্স-এফ) (এনেক্স-এইচ) নিষ্পত্তিকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাজশাহী জেলার বোয়ালিয়া উপজেলাধীন আদর্শ কারিগরি ও বাণিজ্যিক কলেজ এর প্রভাষক (গণিত) জনাব মোঃ হাবিবুর রহমান এবং বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকবৃন্দ (মোট ১৩জন) এর জ্যেষ্ঠ প্রভাষক/সহকারি অধ্যাপক পদে পদোন্নতির আবেদন নথিজাত করা হলে তারা সংশ্লিষ্ট হয়ে পদোন্নতির আদেশ প্রাপ্তির নিমিত্ত মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-৮৪২৮/২০২৫ মামলা দায়ের করেন।

২। উল্লেখ্য উক্ত মামলায় গত ০১.০৭.২০২৫ খ্রি. তারিখে রুল গ্রহণের শুনানিতে মহামান্য হাইকোর্ট বাদীগণের গত ২৯.১২.২০২৪ খ্রি. তারিখে দাখিলকৃত আবেদন (এনেক্স-এফ) ৯০ (নব্বই) দিনের মধ্যে ২ নং বিবাদী মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তরকে নিষ্পত্তিকরণের জন্য অর্ন্তর্বর্তীকালীন আদেশ প্রদান করেছেন। মহামান্য হাইকোর্টের আদেশ মোতাবেক বাদীর আবেদন নিষ্পত্তি প্রয়োজন। বাদীর আবেদন নিষ্পত্তি করার জন্য অধিদপ্তরের আইন শাখা এমপিও শাখাকে আন-অফিসিয়াল নোট প্রেরণ করেন।

৩। জনাব মোঃ হাবিবুর রহমান ২৯.০৪.২০০৩ খ্রি. সালে আদর্শ কারিগরি ও বাণিজ্যিক কলেজে প্রভাষক (গণিত) হিসেবে যোগদান করেন এবং জানুয়ারী ২০০৪ খ্রি. সালে এমপিওভুক্ত হন। তার নিয়োগ ১৯৯৫ খ্রি. সালের এমপিও নীতিমালার আওতায়। নিয়োগকালীন নীতিমালায় 'প্রভাষক (গণিত)' পদটির প্রাপ্যতা না থাকায় প্রার্থীর জ্যেষ্ঠ প্রভাষক পদে পদোন্নতির কোন সুযোগ নেই মর্মে নিষ্পত্তি করা হলো।

মোঃ হাবিবুর রহমান
প্রভাষক (গণিত),
আদর্শ কারিগরি ও বাণিজ্যিক কলেজ, রাজশাহী।


স্মারক নং- ৫৭.০৩.০০০০.০০০.০২৮.১১.০০২.১৯.২৫-

অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ-

১। আইন শাখা।

২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল।

৩। সংরক্ষণ নথি।


২৮/০১/২০২৬
সহকারী পরিচালক-১১
মোহাম্মদ সাইফুল হক খান
(এমপিও শাখা)

তারিখ: ২৮/০১/২০২৬ খ্রি.